



পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

মারকায আবেদন ফরম

[আবেদনপত্রের মূল কপি স্ব স্ব বোর্ডে এবং অনুলিপি আল-হাইআতুল উলয়ার কেন্দ্রীয় দফতরে পাঠাতে হবে]

[বি: দ্র: আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে- (ক) মারকাযের জন্য আবেদন করা হবে মর্মে মাদরাসা-কর্তৃপক্ষের রেজুলেশনের ফটোকপি; এবং (খ) উক্ত মারকাযে পরীক্ষা দিতে আগ্রহী মাদরাসাসমূহের মুহতামিম বা নাজিমে তা'লীমাতের স্বাক্ষর ও সিলমোহরযুক্ত সম্মতিপত্র।]

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক, আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশ।

আমি মাদরাসার মুহতামিম/নাজিমে তা'লীমাত। মাদরাসা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে আমাদের মাদরাসায় আল-হাইআতুল উলয়ার একটি পরীক্ষা কেন্দ্র (মারকায) মঞ্জুরীর জন্য আবেদন করছি এবং মারকাযের আবেদন ও মঞ্জুরীর জন্য প্রদেয় তথ্যসমূহ আবেদনপত্রে উল্লেখ ও সংযুক্ত করছি।

১. মাদরাসা কোড নং : বোর্ড : বোর্ডে মাদরাসার ইলহাকী নং :

২. মাদরাসার নাম :

ঠিকানা- গ্রাম/মহল্লা: ডাকঘর : উপজেলা/থানা : জেলা :

৩. আবেদনকারী মাদরাসার পরীক্ষার্থী সংখ্যা : জন + অন্যান্য মাদরাসার জন = মোট জন

৪. প্রার্থিত মারকাযে পরীক্ষা দিতে আগ্রহী মাদরাসাসমূহের তথ্য :

মাদরাসা কোড	মাদরাসার পূর্ণ নাম ও ঠিকানা	পরীক্ষার্থী সংখ্যা	পূর্বে অন্য কোন মারকাযে পরীক্ষা দিয়ে থাকলে তার কোড ও নাম

[বি: দ্র: পরীক্ষা প্রবিধি অনুসারে ছাত্র মারকায আবেদনের জন্য ঢাকা মহানগরীতে সর্বনিম্ন ১৫০ জন এবং ঢাকা মহানগরীর বাহিরে ১০০ জন এবং ছাত্রী মারকাযের জন্য ঢাকা মহানগরীতে সর্বনিম্ন ১০০ জন এবং ঢাকা মহানগরীর বাহিরে ৬০ জন পরীক্ষার্থী থাকতে হবে।]

অঙ্গীকারনামা :

(১) আমি অঙ্গীকার করছি যে--

ক) প্রার্থিত মারকায একটি দাওরায়ে হাদীস কওমি মাদরাসা;

খ) এতে সর্বমোট পরীক্ষার্থী সংখ্যা- নিজ মাদরাসা জন ও বহিরাগত মাদরাসা জন = মোট জন হবে;

গ) মারকায বিধি অনুসারে এতে প্রশস্ত পরীক্ষার হল আছে; (বি: দ্র: একাধিক শ্রেণিকক্ষে/আবাসিক কক্ষে হল গ্রহণযোগ্য নয়।)

(১) স্বতন্ত্র হলরুম (২) মসজিদ । হলের পরিধি- দৈর্ঘ্য ফুট × প্রস্থ ফুট = মোট বর্গফুট।

ঘ) পরীক্ষার হলে প্রতি ২ (দুই) পরীক্ষার্থীর মাঝে ৩ ফুট দূরত্ব এবং প্রতি দুই সারির মাঝে পরীক্ষার্থীর বসার স্থান ব্যতীত ২ ফুট দূরত্ব থাকবে এবং নেগরানগণের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থাসহ সামনে পিছনে ও দুই পাশে উন্মুক্ত স্থান থাকবে;

(বিধি অনুযায়ী প্রতি পরীক্ষার্থীর জন্য গড়ে ১৫ বর্গফুট, ৬০ জন পরীক্ষার্থীর জন্য ৯০০ বর্গফুট, ১০০ জন পরীক্ষার্থীর জন্য ১৫০০ বর্গফুট, ১৫০ জন পরীক্ষার্থীর জন্য ২২৫০ বর্গফুট এবং অধিক পরীক্ষার্থীর জন্য এ হিসাবে হলের পরিধি হতে হবে।)

ঙ) পর্যাপ্ত আলো-বাতাস, কোলাহল মুক্ত শান্ত ও নিরাপত্তাপূর্ণ নিরিবিলি পরিবেশ এবং পরীক্ষার্থী-সংখ্যা অনুপাতে প্রয়োজনীয় মানসম্মত তেপায়া থাকবে; প্রত্যেক পরীক্ষার্থীর জন্য ১ টি তেপায়া হবে অথবা ৬ ফুটের তেপায়ার দুই প্রান্তে দুইজন পরীক্ষার্থী বসবে;

চ) পরীক্ষার জন্য মজুদ তেপায়ার পরিমাণ টি;

ছ) হলে প্রতিদিন তেপায়া সাজাতে হবে / হবে না .

জ) হলের নিকটবর্তী স্থানে নেগরানগণের দৃষ্টিসীমার মধ্যে ইত্তিজার সুব্যবস্থা থাকবে। হল থেকে ইত্তিজাখার দূরত্ব ফুট;

ঝ) দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষার হল সম্পূর্ণ স্বতন্ত্র হবে; মাদরাসার পরীক্ষা বা অন্য কোন পরীক্ষা দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষার সাথে একই হলে/নিকটবর্তী স্থানে গ্রহণ করা হবে না;

ঞ) নেগরানগণের অবস্থান এবং পরীক্ষার কাগজপত্র হিফাজতের জন্য নেগরানে আ'লার সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীন আলাদা কামরা ও আলমারীর ব্যবস্থা থাকবে; কামরায় নেগরানগণ ব্যতীত অন্য কারো প্রবেশাধিকার থাকবে না এবং কামরা ও আলমারীর কোন চাবি প্রধান নেগরান ব্যতীত অন্য কারো নিকট মুহূর্তকালের জন্যও থাকবে না;

ট) আল-হাইআতুল উলয়া কর্তৃক প্রেরিত চিঠিপত্র ও তথ্যাদি মারকাযভুক্ত মাদরাসাসমূহে যথাশীঘ্র পৌঁছাব;

ঠ) আল-হাইআতুল উলয়ার নিয়ন্ত্রণকক্ষ হতে প্রেরিত প্রশ্নপত্র গ্রহণ, ডাউনলোড ও মুদ্রণ করার জন্য-

১. মারকাযের নিজস্ব এন্ড্রয়েড মোবাইল ; ২. কম্পিউটার .

৩. প্রিন্টার, ফটোকপিয়ার .

৪. কম্পিউটার অপারেটর থাকবে এবং হলে সাউন্ড সিস্টেম থাকবে।

এসব কিছু পূর্ব থেকে/পরীক্ষা আরম্ভের অন্তত ১ (এক) ঘণ্টা আগে হলের অভ্যন্তরে বিদ্যমান রাখব এবং ইন্টারনেট ও বিদ্যুৎ সরবরাহ-ব্যবস্থা সচল রাখব; প্রয়োজনে বিদ্যুতের বিকল্প ব্যবস্থা থাকবে এবং প্রশ্ন গ্রহণ ও মুদ্রণ সম্পর্কিত ব্যয় মারকায মাদরাসা বহন করবে;

ড) প্রযুক্তিগত যে কোন সহায়তার প্রয়োজন হলে তা আঞ্জাম দিতে বাধ্য থাকব;

(২) বিধিমত মারকায কমিটি গঠন এবং মারকাযের সুষ্ঠু পরিবেশ ও শৃঙ্খলা রক্ষায় কমিটিকে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করব।

মারকায কমিটির রূপরেখা

(১) মারকায মাদরাসার মুহতামিম অথবা তার প্রতিনিধি, (তিনি সভাপতি হবেন) :

(২) আল-হাইআতুল উলয়া কর্তৃক নিয়োগপ্রাপ্ত মারকাযের নেগরানে আ'লা; (তিনি সদস্য-সচিব হবেন) :

(৩) মারকায মাদরাসার একজন সিনিয়র শিক্ষক :

(৪) মারকাযভুক্ত অন্য মাদরাসাসমূহের একজন করে প্রতিনিধি :

(৫) অন্য মাদরাসার পরীক্ষার্থী না থাকলে সহকারী নেগরানে আ'লা অথবা সহকারী নেগরান ১ (এক) জন :

(৩) আমি আরো অঙ্গীকার করছি যে, উপরোক্ত কোন শর্ত পূরণ না হলে কিংবা মারকাযের আবেদন ফরমে ভুল বা অপূর্ণাঙ্গ তথ্য প্রদান করলে কিংবা পরীক্ষার্থী নিবন্ধন ও অন্তর্ভুক্তিতে প্রকৃত সংখ্যার চাইতে অধিক দেখিয়ে আবেদন করলে প্রার্থিত মাদরাসা মারকায মঞ্জুরীর জন্য অনুপযুক্ত বিবেচিত হবে এবং আবেদন বাতিল বলে গণ্য হবে এবং মারকায বিধি মোতাবেক আমি ও আমরা শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

* পরীক্ষা চলাকালীন মারকাযের জিম্মাদার হবেন (পদবী) ।
তিনি সার্বক্ষণিক মাদরাসায় উপস্থিত থাকবেন।

মাদরাসার মুহতামিম/নাজিমে তা'লীমাতের স্বাক্ষর

তারিখ :

বোর্ড কর্তৃপক্ষের সত্যায়ন

তারিখ :

আল-হাইআতুল উলয়ার দফতরের কার্যক্রম

পরীক্ষা উপকমিটির পর্যালোচনা অনুযায়ী মারকায মঞ্জুরী বিষয়ক বিবরণ :

মারকায মঞ্জুর করা হল

পরীক্ষা নিয়ন্ত্রকের দস্তখত ও তারিখ